সংবাদ

তারিখ 22 JAN 2016
৭০ কলাম ৬



ঢাকার দোহারে শিলাকোঠা উচ্চ বিদ্যালয়ে শ্রেণী কক্ষের অভাবে শহীদ মিনারের বেদিতে ক্লাস নিচ্ছেন শিক্ষক -সংবাদ

## দোহার শিলাকোঠা উচ্চ বিদ্যালয়

# কক্ষ সঙ্কটে শহীদ মিনারে পাঠদান

**সংবাদ জাতীয় ডেস্ক**

ঢাকার দোহার উপজেলার শিলাকোঠা উচ্চ বিদ্যালয়ে শ্রেনী কক্ষের অভাবে খোলা আকাশের নিচে চলছে শিক্ষার্থীদের পাঠদান। এতে দির্ঘদিন যাবৎ শীত, বর্ষা ও গরমের মধ্যে খোলা আকাশের নিচে ক্লাস করায় অসুস্থ হয়ে ছাত্ররা স্কুল বিমুখ হয়ে পড়ছে।

সরেজমিনে দেখা যায়, উপজেলার কুসুমহাটি ইউনিয়নের শিলাকোঠা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আয়ুব আলী খোলা আকাশের নিচে শহীদ মিনারে ক্লাস নিচ্ছেন। এভাবে প্রতিদিন ৪ থেকে ৫টি ক্লাস খোলা আকাশের নিচে করতে হয় বলে জানান বিদ্যালয়ের কয়েকজন শিক্ষার্থী। বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর সংখ্যা প্রায় সারে ৫শ। এর্ত শিক্ষার্থীর জন্য আরো কমপক্ষে ৩ থেকে ৪টি ক্লাস রুম দরকার। বিদ্যালয়টিতে আলাদা প্রধান শিক্ষকের রুম নেই। একরুমে প্রধান শিক্ষক ও সকল শিক্ষকদের বসার স্থান। আবার সেই রুমেই বিদ্যালয়ের বিভিন্ন শিক্ষা উপকরন রাখা হয়েছে। এতো ছাত্র-ছাত্রীর জন্য শ্রেণীকক্ষের অভাবে পাঠদান কার্যক্রম চালাতে হিমশিম খেতে হচ্ছে শিক্ষকদের। নতুন ভবনের জন্য কর্তৃপক্ষের উদাসীনতার কারণে ব্যাহত হচ্ছে শিক্ষার মান। কমলমতি শিক্ষার্থীরা তাদের মনোবল ভেঙ্গে যাওয়ার উপক্রম। কর্তৃপক্ষের নিকট বিদ্যালয়টির সমস্যাগুলি সমাধানের জোর দাবি জানাচ্ছে এলাকাবাসী।

এ বিষয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আয়ুব আলী বলেন, বিদ্যালয়টি ১৯৯৭ প্রতিষ্ঠিত হওয়ার পর সময়ের সঙ্গে পাল্লা দিয়ে ছাত্র/ছাত্রী সংখ্যা বাড়লেও সে হারে শ্রেণীকক্ষ বাড়েনি। তাই বাধ্য হয়ে শিশুদের খোলা আকাশের নিচে পাঠদান করাতে হয়। আমাদের আরো ৩ থেকে ৪ রুমের খুবই প্রয়োজন। বিদ্যালয়ের গণিত শিক্ষক মনিরুজ্জামান বলেন, বিদ্যালয়ে রুমের অভাবে শিক্ষা উপকরণ রাখার জায়গা নেই বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়েও কোন ফল হয়নি। সেগুলো রাখা হয় প্রধান শিক্ষকের রুমে।